

🗏 আলে-ইমরান | Al-i-Imran | آل عِمْرَان

আয়াতঃ ৩: ১৪৭

💵 আরবি মূল আয়াত:

وَ مَا كَانَ قَولَهُم إِلَّا أَن قَالُوا رَبَّنَا اغْفِر لَنَا ذُنُوبَنَا وَ اِسرَافَنَا فِي آمرِنَا وَ تَبِّت اَقدَامَنَا وَ انصرُنَا عَلَى القوم الكفرينَ ﴿١٤٧﴾

আর তাদের কথা শুধু এই ছিল যে, তারা বলল, 'হে আমাদের রব, আমাদের পাপ ও আমাদের কর্মে সীমালজ্যন ক্ষমা করুন, এবং অবিচল রাখুন আমাদের পা সমূহকে, আর কাফির কওমের উপর আমাদেরকে সাহায্য করুন'।
— আল-বায়ান

তাদের মুখ হতে কেবল এ কথাই বেরিয়েছিল- 'হে আমাদের প্রতিপালক! আমাদের অপরাধগুলো এবং আমাদের কাজ-কর্মে বাড়াবাড়িগুলোকে তুমি ক্ষমা করে দাও, আমাদেরকে দৃঢ়পদ রেখ এবং কাফিরদলের উপর আমাদেরকে সাহায্য কর।' — তাইসিরুল

আর এতদ্ব্যতীত তাদের কথা ছিলনা যে, তারা বলতঃ হে আমাদের রাব্ব! আমাদের অপরাধ ও আমাদের কাজের বাড়াবাড়ি হেতু কৃত অন্যায়সমূহ ক্ষমা করুন, আমাদেরকে দৃঢ় রাখুন এবং অবিশ্বাসীদের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন। — মুজিবুর রহমান

And their words were not but that they said, "Our Lord, forgive us our sins and the excess [committed] in our affairs and plant firmly our feet and give us victory over the disbelieving people." — Sahih International

১৪৭. এ কথা ছাড়া তাদের আর কোন কথা ছিল না, হে আমাদের রব! আমাদের পাপ এবং আমাদের কাজের সীমালংঘন আপনি ক্ষমা করুন, আমাদের পা সুদৃঢ় রাখুন এবং কাফের সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন।

তাফসীরে জাকারিয়া

(১৪৭) তাদের (মুখে) এ কথা ছাড়া আর অন্য কোন কথা ছিল না, 'হে আমাদের প্রতিপালক! আমাদের পাপরাশি এবং কর্মজীবনের বাড়াবাড়িসমূহকে তুমি ক্ষমা কর, আমাদের পা সুদৃঢ় রাখ এবং অবিশ্বাসী সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।'



🖨 hadithbd.com — কুরআন — আলে-ইমরান। Al-i-Imran | آلِ عِمْرَان

_

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=440

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন